

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাজেট শাখা
www.fid.gov.bd



স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১২.৩১.০০৪.২১-৬৬

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

বিষয়: মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের এপিএ নির্দেশিকা ও এপিএ কাঠামো বিষয়ে অবহিতকরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৮৪২.২৯.০০১.২০.৬৩; তারিখ: ১৮ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আগামী ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের নিমিত্ত এপিএ গাইডলাইন, কাঠামো ও এপিএএমএস সফটওয়্যারের উন্নয়নকল্পে বেশ কিছু পরিবর্তন আনা হয়েছে যেখানে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নতুন এপিএ তে পৃথকভাবে পূর্বের ন্যায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর সূচক/লক্ষ্যমাত্রা থাকবে না। এ ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নিম্নোক্ত ৫টি আবশ্যিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন হারের উপর নির্ভর করে এপিএ তে নম্বর প্রদান করা হবে যার মোট ওয়েটেজ ৩০ (ত্রিশ) :

ক্রমিক	আবশ্যিক কর্মপরিকল্পনা	মোট নম্বর	এপিএ-তে ওয়েটেজ
১	এনআইএস	৫০	১০
২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন	৫০	১০
৩	সেবা প্রদান প্রতিশ্রুতি	২৫	৩
৪	অভিযোগ প্রতিকার ব্যবস্থা	২৫	৪
৫	তথ্য অধিকার	২৫	৩

মোট= ৩০

ফলে প্রতিটি কর্মপরিকল্পনা আলাদাভাবে শতভাগ বাস্তবায়নে তৎপর থাকতে হবে এবং বাস্তবায়নের হার বৃদ্ধির জন্য বিশেষ কর্মপরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীতব্য আগামী ২০২১-২২ অর্থবছরের এপিএ গাইডলাইন, কাঠামো ও সফটওয়্যারের উন্নয়নকল্পে যে সকল পরিবর্তন আনা হয়েছে তা বাস্তবায়নের নিমিত্ত পরিবর্তিত গাইডলাইনটি সংযুক্তি আকারে নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৮-৩-২০২১

মোসাম্মাৎ জোহরা খাতুন

উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ
মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।